গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সন্দ্বীপ, চট্টগ্রাম।

২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-১/মৌসুমে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম। |
| সভার স্থান | ঃ | উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ। |
| সভার তারিখ | ঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ |
| সময় | ঃ | বিকাল ৩.০০ ঘটিকা |

উপস্থিত সম্মানীত সদস্যগণের তালিকা ও স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যগণের পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | ভাইস চেয়ারম্যান (মহিলা) | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা প্রাণীসম্পদ অফিসার | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা মৎস্য অফিসার | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | ম্যানেজার কারিতাস/এসডিআই | সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা কৃষি অফিসার | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

অদ্য ২১/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সন্দ্বীপ, চট্টগ্রাম-এ ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১/মৌসুমে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সন্দ্বীপ উপজেলার ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কৃষি পূর্নবাসন ও বাস্তবায়ন কমিটি এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব, রিগ্যান চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ,চট্টগ্রাম। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং জনাব, মোঃ মারুফ হোসেন, উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম ও সদস্য-সচিবকে আলোচ্য বিষয়ে আলোকপাত করার জন্য অনুরোধ জানান।

সদস্য-সচিব ও উপজেলা কৃষি অফিসার সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন এবং সে মোতাবেক আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়- ১ ঃ উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি মন্ত্রণালয় উপকরণ -২ শাখার পত্র নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৫৮ তারিখঃ ১০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ, জেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কর্যবিবরণী স্বারক নং ১২.১৭.১৫০০.০৪১.০৩৮.০০১.২৩.৫৭৮ তারিখঃ ১৪/০৩/২০২৪ খ্রিঃ পড়ে শুনান ও জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় সন্দ্বীপ উপজেলার জন্য মোট ৩০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার কৃষি প্রণোদনা দেওয়া হবে। প্রতিজন ক্ষুদ্র ও প্রন্তিক কৃষককে (ক) ১ বিঘা উফশী আউশ আবাদের জন্য ০৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার বিনা মূল্যে সরবরাহ করা হবে।

CamScanner

আলোচ্য বিষয়- ২ ঃ উপজেলা কৃষি অফিসার, সন্দ্বীপ অদ্যকার সভায় সার ও বীজ বিতরণের বিষয়ে আরও জানান যে,

১। কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর থেকে দেওয়া হবে ।

২। তালিকা ভুক্ত কৃষক ছাড়া অন্য কেউ উপকরণ গ্রহন করতে পারবেনা বা পক্ষে গ্রহন করতে পারবেনা এবং একটি (০১) কৃষক পরিবারের একজনই উপকারভোগী হবেন।

৩। কৃষি কার্ড/ছবিযুক্ত মাষ্টাররোলের মাধ্যমে উপকরণ বিতরণ করা হবে।

**সিদ্ধান্ত -১ ঃ** সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপজেলা কৃষি অফিসার, আগামী ০৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে থেকে বিধি মোতাবেক খরিপ-১/২০২৪-২৫ মৌসুমের চাষীদের অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

**সিদ্ধান্ত-২ঃ** প্রণোদনা কর্মসূচীর আওতায় বরাদ্দ প্রাপ্ত ৩০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে নিম্নলিখিতভাবে বরাদ্দ প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১/মৌসুমে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় পৌরসভা/ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ বিভাজন নিম্নরূপ-

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ফসলের নাম | মোট কৃষক (সংখ্যা) | জমির পরিমান (বিঘা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সারিকাইত | উফশী আউশ | ২১০ | ২১০ | |
| ০২ | মগধরা | উফশী আউশ | ২৭৫ | ২৭৫ | |
| ০৩ | মাইটভাঙ্গা | উফশী আউশ | ২৫০ | ২৫০ | |
| ০৪ | মুছাপুর | উফশী আউশ | ২৫০ | ২৫০ | |
| ০৫ | হারামিয়া | উফশী আউশ | ২৫০ | ২৫০ | |
| ০৬ | রহমতপুর | উফশী আউশ | ৬৫ | ৬৫ | |
| ০৭ | পৌরসভা | উফশী আউশ | ১৯৫ | ১৯৫ | |
| ০৮ | বাউরিয়া | উফশী আউশ | ৩৩০ | ৩৩০ | |
| ০৯ | সন্তোষপুর | উফশী আউশ | ২৫০ | ২৫০ | |
| ১০ | গাছুয়া | উফশী আউশ | ২৫০ | ২৫০ | |
| ১১ | কালাপানিয়া | উফশী আউশ | ২৬০ | ২৬০ | |
| ১২ | আমানউল্যা | উফশী আউশ | ১৬০ | ১৬০ | |
| ১৩ | হরিশপুর | উফশী আউশ | ৭৫ | ৭৫ | |
| ১৪ | আজিমপুর | উফশী আউশ | ৫০ | ৫০ | |
| ১৫ | দীর্ঘাপাড় | উফশী আউশ | ৫০ | ৫০ | |
| ১৬ | উড়িরচর | উফশী আউশ | ৮০ | ৮০ | |
| | | মোট = | ৩০০০ | ৩০০০ | |

**সিদ্ধান্ত-৩ ঃ** কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার দিয়ে তালিকা তৈরি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-৪ ঃ** ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১/মৌসুমে উফশী আউশ ফসলের বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার দিয়ে তালিকা বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ দ্রুত প্রস্তুতকরতঃ স্বাক্ষর প্রদান করে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদনের জন্য ০৮/০৪/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২ ঘটিকার মধ্যে উপজেলা কৃষি অফিসার বরাবর জমা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য কার্যক্রম কৃষি পূনর্বাসন এবং প্রণোদনার বিধি অনুযায়ী সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

CS CamScanner

**সিদ্ধান্ত -৫ ঃ** ক) কৃষকের নিজস্ব মোবাইল নম্বার ও এন আইডি নম্বার দিতে হবে। খ) কর্মসূচীর সকল উপকরন উপজেলা সদর থেকে দেওয়া হবে। গ) তালিকা ভুক্ত কৃষক ছাড়া অন্য কেউ উপকরন গ্রহন করতে পারবেনা বা পক্ষে গ্রহন করতে পারবেনা। ঘ) ছবিযুক্ত মাষ্টাররোলের মাধ্যমে উপকরন বিতরন করা হবে। ঙ) কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার ও ২৫ কেজি উফশী আউশ বীজ বিতরণ করতে হবে।

সকল ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রিগ্যান চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম।
ও
সভাপতি
উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি।

স্মারক নং- ১৫৬(৩০)

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পূর্নবাসন ও বাস্তবায়ন কমিটি, চট্টগ্রাম।
২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ও সদস্য-সচিব, জেলা কৃষি পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটি চট্টগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৫। উপজেলা ............................................,কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম।
৬। জনাব....................................................., উপসহকারী কৃষি কর্মকর্তা(সকল) সন্দ্বীপ, চট্টগ্রাম।
৭। অফিস নথি।

২১.০৩.২৪.

(মোঃ মারুফ হোসেন)
উপজেলা কৃষি অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম।
ও
সদস্য-সচিব
উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটি।

CamScanner